



এনএসইউতে ইউরোপে বাংলাদেশি অভিবাসীদের দুর্দশা-বিষয়ক জাতীয় সেমিনার

আন্তর্জাতিক অভিবাসন দিবস উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) 'সমুদ্রের ওপারে স্বপ্ন : ইউরোপে অনিয়মিত বাংলাদেশি অভিবাসনের বাস্তবতা উন্মোচন' শীর্ষক এক জাতীয় সেমিনার রোববার অনুষ্ঠিত হয়েছে। ইউনিভার্সিটির সিন্ডিকেট হলে আয়োজিত এই সেমিনারে গবেষক, নীতিনির্ধারক এবং অভিবাসী অধিকারকর্মীদের অংশগ্রহণে এই বিপজ্জনক অভিবাসন প্রক্রিয়ার কারণ, ঝুঁকি এবং পরিণতি বিষয়ে আলোচনা করা হয়। এনএসইউ'র সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্নেন্সের (এসআইপিজি) সেন্টার ফর মাইগ্রেশন স্টাডিজ (সিএমএস) আয়োজিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এনএসইউ'র রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ডক্টর সেলিম রেজা। সেমিনারে তরুণ বাংলাদেশিদের অনিয়মিত অভিবাসনের মূল কারণগুলো তুলে ধরা হয়। গবেষণায় দেখা গেছে, অভিবাসনপ্রত্যাশীরা যে বিপজ্জনক পরিস্থিতির মুখোমুখি হন, তা প্রায়শই এজেন্ট, মধ্যস্থত্বভোগী (দালাল), মধ্যস্থত্বকারী, পেশাদার চোরচালানকারী এবং অপরাধী নেটওয়ার্কগুলোর মাধ্যমে পরিচালিত হয়। দেশে সুযোগ কমে যাওয়া, রাজনৈতিক অস্থিতিশীলতা এবং জলবায়ু পরিবর্তনকে এই ঝুঁকিপূর্ণ অভিবাসন প্রচেষ্টার মূল চালিকাশক্তি হিসেবে চিহ্নিত করা হয়। প্রতিকারমূলক ব্যবস্থা হিসেবে, বিশেষজ্ঞরা অনিয়মিত অভিবাসন নিয়ে আরও বেশি তথ্য সংগ্রহ এবং গবেষণার গুরুত্বের ওপর জোর দেন। তারা অভিবাসীদের কল্যাণ নিশ্চিত করার জন্য তাদের আইনি অবস্থা ও তাদের অধিকারকে স্বীকৃতি দেয় এবং রক্ষা করে- এমন নীতিগুলোর পক্ষে বক্তব্য তুলে ধরেন। বাংলাদেশে দারিদ্র্য, বেকারত্ব এবং রাজনৈতিক অস্থিতিশীলতার মতো

বিষয় মোকাবিলা করা অনিয়মিত অভিবাসন রোধের মূল কৌশল হিসেবে তুলে ধরা হয়। সেমিনারে মানব পাচারের সঙ্গে জড়িত অপরাধী নেটওয়ার্কগুলো নির্মূলে সমন্বিত প্রচেষ্টার আত্মজানা হয় এবং ঝুঁকিপূর্ণ অভিবাসীদের সুরক্ষায় তাদের সচেতনতা বাড়াবার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করা হয়। সেমিনারে ডক্টর এস কে তৌফিক এম হক, ডক্টর বুলবুল সিদ্দিকী ও ডক্টর মাহমুদুর রহমান ভূঁইয়া সম্পাদিত 'দ্য ডিসপ্লেসড রোহিঙ্গাস: এ টেল অব এ ভালনারেবল কমিউনিটি' শীর্ষক একটি বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। রাউটলেজ ইন্ডিয়া কর্তৃক প্রকাশিত বইটিতে রোহিঙ্গা সম্প্রদায়ের সামাজিক-সাংস্কৃতিক ও মানবিক চ্যালেঞ্জগুলোর ওপর আলোকপাত করা হয়েছে। বইটিতে রোহিঙ্গা কিশোরীদের মধ্যে সামাজিক নিরাপত্তাহীনতা, শরণার্থী শিবিরে লিঙ্গভিত্তিক সহিংসতার গতিশীলতা এবং চীনা ও ভারতীয় সংবাদপত্রে সংকটের বিভিন্ন দিক তুলে ধরা হয়েছে। রোহিঙ্গা সংকটে বাংলাদেশের নীতি এবং প্রত্যাশন প্রচেষ্টার বিস্তৃত প্রভাবও পর্যালোচনা করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ডক্টর আহমেদ মুনিরুস সালেহীন। অতিথি হিসেবে বক্তব্য রাখেন- বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দলের ডেপুটি হেড অব মিশন ডক্টর বার্ল স্প্যানিয়ান। এনএসইউ উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ডক্টর সৈয়দা রোজানা রশীদ, এবং এনএসইউ'র এসআইপিজির সিনিয়র গভর্নেন্স স্পেশালিস্ট ও বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব অধ্যাপক শহীদুল হক। সংবাদ বিজ্ঞপ্তি